

XP SP1-এ যে আমরা আনপ্যাক করেছি সেখানে একটি সাবফোল্ডার তৈরি হয়েছে Update নামে। CD কমান্ড প্রয়োগ করে সেই ফোল্ডারে চলে যান (CD Update) এরপর কমান্ডটি টাইপ করে এন্টার চাপুন Update /S: (এখানে লিখুন WinXP-CD এর পাথটি) যেমন— update /s: F:\winXP-CD। (চিত্র-২) ছবি দেখুন। এখন চিত্র-৩-এর মতো উইন্ডো দেখতে পাবেন। এই কাজটি শেষ হলে আপনি

F:\WinXP-CD —এই ফোল্ডারে পাচ্ছেন আপনার সার্ভিস প্যাক দ্বারা আপডেটকৃত উইন্ডোজ ইন্সটলার। কমান্ড প্রসঙ্গে Command লেখা একটু হয়তো জটিল মনে হতে পারে কিন্তু আসলে তা তেমন জটিল নয়। চিত্রগুলো দেখে আপনি যদি কোনো নতুন ব্যবহারকারীও হন তবুও আপনি পারবেন।


উইন্ডোজ এক্সপি বুটেবল সিডি তৈরি—

এ কাজে আমরা ব্যবহার করেছি ISO Buster (যা <http://www.smartprojects.net/isobuoter/> এ পাবেন) এবং Nero burning ROM 5.5 (অন্ততপক্ষে 5.5.9.0 এই ভার্সন ব্যবহার করবেন)।

প্রথমে ISO Buster চালিয়ে WinXP Installer CD-টি থেকে বুট লোডারটি কপি করতে হবে। সিডির Bootable CD নামক সাব ফোল্ডারে (ISO Buster-এর Window-তে) রাইট ক্লিক করুন এবং Extract Microsoft Corporation.img — এখন এই ফাইল এক্সট্রাক্ট করে আমরা আবার হার্ডডিস্কের সেই WinXP\_CD ফোল্ডারে রাখব। চিত্র দেখুন।

Nero burning ROM চালু করুন। এবার New Compilation উইন্ডো থেকে CD-ROM (Boot) এই Icon সিলেক্ট করুন। Boot নামক

ট্যাবটিতে যান এবং Source of boot image data এই সেকশনে Image File নামক অপশনটিতে ক্লিক করে ডানপাশের Browse বাটনে চেপে Microsoft Corporation.img ফাইলটির অবস্থাটি দেখিয়ে দিন (একটু আগেই এটি আমরা ISO Buster দিয়ে Extract করে WinXP\_CD ফোল্ডারে রেখেছি)। চিত্র দেখে নিন। Enable Expert Setting-টিও এনাবল করে দিন এবং Kind of Emulation হিসেবে No




Emulation দিন। আর সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, Number of bated Sectors-কে 4 করে দিন (অন্যকিছু দিলে কিন্তু বুট হবে না)। চিত্র-৫ এরপরের কাজগুলো চিত্র ৬ দেখে করুন। লক্ষ করুন সবশেষে Donot add the '!1'... এই অপশনটি আপনার Nero এর ভার্সন পুরনো হলে পাবেন না। আর এই অপশন ছাড়া এই সিডিটি বুটেবল হবে না। তাই সবশেষ Label ট্যাবে সিডির লেবেল লিখতে পারেন তবে আপনার

অরিজিনাল WinXP সিডিটিতে লেবেলনেমটি ব্যবহারই বুদ্ধিমানের কাজ হবে। এখন কাজ শেষের পথে New Compitation উইন্ডোজটি New বাটনে ক্লিক করলে আপনার পরিচিত ইন্টারফেস চলে আসবে। এখন File Browser থেকে WinXP-CD নামক ফোল্ডারের সবকিছু কপি করে বাম পাশের CD-এর মধ্যে Paste করুন। এখন সিডি বার্ন করুন। শেষের চিত্রের মতো অপশন সিলেক্ট করতে পারেন।

বন্ধুরা, আমরা তাহলে নিজেরাই ম্লিপস্ট্রিমিং করা উইন্ডোজ এক্সপি ইন্সটলার সিডি রাইট করা শিখলাম। পুরো ব্যাপারটি বুঝে থাকলে পরের সার্ভিস প্যাকগুলোও একে একে আপডেট করে সবশেষে সিডি বার্ন করে নিতে পারেন। শুভেচ্ছা রইল।

■ গাজী লেনিন  
ghazilenin@hotmail.com



হু মা য়ূ ন আ হ মে দে র লে খা লে খি র তি ন দ শ ক

৯০ দশকের

# নির্বাচিত

## পাঁচটি উপন্যাস

হু মা য়ূ ন আ হ মে দ

এখন সারাদেশে পাওয়া যাচ্ছে

অন্যপ্রকাশ  
৩৮-২ক, মান্নান মার্কেট (৩য় তলা), বাংলাবাজার, ঢাকা-১১০০। ফোন : ৯১২৫৮০২